

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬।

স্মারক নং: প্রাশিঅ/দা.পী./এসএফপি/বিবিধ-১১ (অংশ-১)/২০১১/৩২৩২

তারিখ: ২৭ ডিসেম্বর ২০১৬
১৬ পৌষ ১৪২৩

বিষয়: দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি-শীর্ষক প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ে তাঁর ব্যক্তিগত মনোযোগ আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষাকে শিক্ষাজীবনের ভিত্তি হিসেবে বিবেচনায় নিয়ে সরকার প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য বিভিন্ন ধরনের কর্মসূচি বাস্তবায়ন করে চলেছে। এরই একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে 'দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প'টি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্পভুক্ত এলাকায় শিক্ষার্থীদের শতভাগ ভর্তি নিশ্চিত হয়েছে, শ্রেণিকক্ষে তাদের উপস্থিতি বৃদ্ধি পেয়েছে এবং ঝরে পড়ার হার হ্রাস পেয়েছে। এই কার্যক্রমের ফলে শিক্ষার্থীদের সাময়িক ক্ষুধা নিবৃত্তি ও পুষ্টি চাহিদা পূরণের মাধ্যমে তাদের শিখন ক্ষমতাও বৃদ্ধি পেয়েছে- যা প্রাথমিক শিক্ষার গুণগতমানে অনুকূল পরিবর্তনের ধারা সূচনা করেছে।

২। প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের ভূমিকা অনস্বীকার্য। বিশেষতঃ প্রকল্পভুক্ত উপজেলার সম্মানিত শিক্ষকগণ কর্তৃক প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে বিস্কুটের সংগ্রহ ও বিদ্যালয় পর্যায়ে বিস্কুট সরবরাহ, সংরক্ষণ ও শ্রেণিকক্ষে বিতরণ কার্যক্রম পরিচালিত হয়। এটি একটি কষ্টসাধ্য কাজ এবং এজন্য তাঁর পক্ষ থেকে সংশ্লিষ্ট শিক্ষকদের প্রয়োজনীয় নির্দেশনা, সহযোগিতা ও অনুপ্রেরণা প্রদান করা সহ প্রকল্পটির কার্যক্রম নিয়মিত মনিটর করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

৩। এছাড়া আসন্ন ২০১৭ সালের শুরুতে শিক্ষার্থী সম্পর্কিত তথ্যাদি প্রকল্পের পরবর্তী কর্মপন্থা প্রণয়ন ও বাস্তবায়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাঠপর্যায়ে কর্মসূচিটি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত এনজিও কর্মকর্তাগণ এ তথ্য সংগ্রহ করে থাকেন। সরকারী অর্থের সর্বোচ্চ সদ্যবহার নিশ্চিতকরণের জন্য প্রকল্পভুক্ত এলাকার শিক্ষার্থী সম্পর্কিত সঠিক তথ্যাদি সংগ্রহের দায়িত্বপ্রাপ্ত এনজিও কর্মকর্তাকে আন্তরিকভাবে সহায়তা-প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া প্রয়োজন।

৪। এমতাবস্থায় চলমান স্কুল ফিডিং কার্যক্রম সুষ্ঠু পরিচালনার স্বার্থে প্রকল্পভুক্ত উপজেলার বিদ্যালয়সমূহে ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থী সম্পর্কিত প্রকৃত তথ্য প্রদানের জন্য তাঁকে মাঠ পর্যায়ে কর্মরত শিক্ষকগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে এসএমসি ও স্থানীয় জনসাধারণকে উদ্বুদ্ধ করারলক্ষে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।


২৭.১২.১৬

ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

বিতরণ:

১. উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা,.....বিভাগ।
২. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,.....।
৩. উপজেলা শিক্ষা কর্মকর্তা,.....।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

১. প্রকল্প পরিচালক, দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালকের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।